ALL INDIA RADIO

REGIONAL NEWS UNIT – SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

15 MARCH 2025 7:35 AM IST

==================================================================

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ তিনদিনের আসাম ও মিজোরাম সফরে এসে আজ দেড়গাঁও এ ১৬৭ কোটি ৪০ লক্ষ টাকা ব্যয়ে লাচিত বরফুকন পুলিশ একাডেমীর নব নির্মিত ভবনের উদ্বোধন করবেন ।স্বরাষ্ট্র মন্ত্রী শ্রী শাহ গতকাল যোরহাট বিমানবন্দরে অবতরণ করার পর মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্ব শর্মা তাঁকে স্বাগত জানান । স্বরাষ্ট্রমন্ত্রী আজ ৪২৫ কোটি ৪৮ লক্ষ টাকা ব্যয় সাপেক্ষে লাচিত বরফুকন পুলিশ একাডেমীর আবাসগৃহ নির্মানের জন্য ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন ।অনুষ্ঠানে কেন্দ্রীয় বন্দর , জাহাজ পরিবহণ ও জলপথ মন্ত্রী সর্বানন্দ সণোয়াল ও মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা উপস্থিত থাকবেন । এরপর স্বরাষ্ট্রমন্ত্রী যোরহাট হয়ে আইজলের উদ্দেশ্যে যাত্রা করবেন । শ্রী শাহ দেশের সবচেয়ে পুরোনো আধাসামরিক বাহিনী আসাম রাইফেলসের প্রায় দেড়শ বছর পুরোনো ছাউনি আইজল থেকে প্রায় ১৫ কিলোমিটার দূরে জোখ-ছাঙ এ স্থানান্তরিত করা অনুষ্ঠানে অংশ নেবেন । উল্লেখ্য গত বছরের ২৩ শে অক্টোবর নতুনদিল্লীতে মিজোরাম সরকার ও আসাম রাইফেলসের

মধ্যে সম্পাদিত চুক্তি অনুযায়ী আইজল শহরে থাকা আসাম রাইফেলসের ঘাটি আইজল থেকে জোখ-ছাঙ এ স্থানান্তরিত করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছিল । আসাম রাইফেলসের ছাউনি স্থানান্তকরণ সম্পর্কে আকাশবাণী আইজলের সংবাদদাতা জানান

--------বাইট **৩৩ সেকেন্ড - জিন গাঙতে**

এদিকে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী আইজল থেকে আজ গৌহাটী ফিরে এসে কইনাধারার রাজ্য অতিথিশালায় রাত অতিবাহিত করবেন । আগামী কাল তিনি কোকরাঝারে নিখিল বড়ো ছাত্র সংস্থার বার্ষিক অধিবেশনে অংশ গ্রহণ করবেন । নতুনদিল্লীতে ফিরে যাওয়ার আগে শ্রী শাহ গৌহাটীতে ভারতীয় ন্যায় সংহিতার রূপায়ন সম্পর্কে উত্তরপূর্বাঞ্চলের আটটি রাজ্যের মুখ্যমন্ত্রীদের সংগে এক বৈঠকে মিলিত হবেন ।

---

াজ্যে আগামী পয়লা এপ্রিল থেকে মুখ্যমন্ত্রী মহিলা উদ্যমিতা প্রকল্পএর অধীনে ২৭ লক্ষ মহিলাকে চেক বিতরণ করা হবে ।মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা জনতা ভবনে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে একথা জানিয়ে বলেন যে বিহালীতে ২৩ হাজার মহিলাকে চেক বিতরণের মাধ্যমে এই প্রকল্পের সূচনা করা হবে ।রাজ্য সরকারের এই ধ্বজাবাহী প্রকল্পটি দেশের মধ্যে মহিলা সবলীকরনের ক্ষেত্রে একটি বৃহৎ প্রকল্প বলে উল্লেখ করে ড: শর্মা বলেন যে রাজ্যের আত্মসহায়ক গোষ্ঠীর ৩৬ লক্ষ মহিলা সদস্যের মধ্যে প্রায় ২৭ লক্ষ মহিলা এই প্রকল্পের যোগ্য বলে বিবেচিত হবে ।এর জন্য আগামী ৩১ শে মার্চের মধ্যে হিতাধিকারীর তালিকা চূড়ান্ত করা হবে ।হিতাধিকারীরা প্রথম কিস্তিতে লাভ করা ১০ হাজার টাকা

উপযুক্তভাবে ব্যবহার করলে তাদেরকে দ্বিতীয় কিস্তিতে ২৫ হাজার টাকা প্রদান করা হবে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন ।

---

রাজ্যের বিভিন্ন স্থানে আজ উৎসাহ ও উদ্দীপনায় রঙের উৎসব হোলি উদযাপন করা হচ্ছে ।বরাক উপত্যকার তিন জেলা কাছাড় শ্রীভূমি ও হাইলাকান্দি জেলায়ও আজ সকাল থেকেই ছোট বড় সবার মধ্যে রং খেলা উপলক্ষে ব্যাপক উৎসাহ পরিলক্ষিত হচ্ছে ।এদিকে গতকাল দোল পূর্ণিমা উপলক্ষে বিভিন্ন মন্দির আখড়া ইত্যাদিতে বিশেষ পূজো অনুষ্ঠিত হয়েছে । বসন্ত ঋতুকে আবাহন করে বিভিন্ন সংস্থা সংগঠনের উদ্যোগে গতকাল সাংস্কৃতিক অনুষ্ঠান , পুষ্প দোল ইত্যাদির মাধ্যমে বসন্ত উৎসব পালন করা হয়েছে ।
এদিকে  রঙ খেলা উপলক্ষে আজ বরাক উপত্যকার তিন জেলায় এন আই এ্যাক্টের আওতায় ছুটি ঘোষণা করা হয়েছে । এছাড়া বরাক উপত্যকার তিন জেলাপ্রশাসন রঙের উৎসব উদযাপনের সময় সাবধানতা অবলম্বন করতে জনসাধারণের প্রতি আহ্বান জানিয়েছেন । বিশেষ করে ক্ষতিকারক রঙের ব্যবহার, জল রঙের প্রয়োগ ইত্যাদির ক্ষেত্রে নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে ।

---

শিলচর রামকৃষ্ণ মিশন সেবাশ্রমের শতবর্ষ পূর্তী উপলক্ষে আজ থেকে ৬ দিন ব্যাপী বিভিন্ন কার্যসূচীর আয়োজন করা হয়েছে ।কার্যসূচীর মধ্যে রয়েছে আজ রামকৃষ্ণ মঠ ও মিশনের ভাইস প্রেসিডেন্ট শ্রীমৎ

স্বামী গিরিশানন্দজী মহারাজ শিলচর আসছেন ।তিনি আজ বেলা ২ টো ৩০ মিনিটে মা সারদা দাতব্য চিকিৎসালয় উদ্বোধন করবেন ।এছাড়া আজ রামকৃষ্ণ মিশনের বিভিন্ন শাখা কেন্দ্রের সন্যাসী ও ব্রহ্মচারী মহারাজরা শিলচর মিশনে আসছেন ।আগামী কাল অর্থাৎ ১৬ ই মার্চ সকাল সাড়ে ৬ টায় ঠাকুর , মা এবং স্বামীজীর প্রতিকৃতি নিয়ে এক বর্ণাঢ্য শোভাযাত্রা পুলিশ প্যেরেড গ্রাউন্ড থেকে শুরু হয়ে শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে রামকৃষ্ণ মিশনে এসে শেষ হবে ।এই শোভাযাত্রায় বিভিন্ন সংস্থা সংগঠন সহ স্কুল কলেজের ছাত্রছাত্রীরা অংশগ্রহণ করবে । ১৮ ই মার্চ নবনির্মীত মন্দিরের দ্বারোদঘাটন করা হবে ,এছাড়া অন্যান্য কার্যসূচীর মধ্যে রয়েছে প্রতিদিন সন্ধ্যা আরতির পর ভক্তিমূলক সঙ্গীতের অনুষ্ঠান , নাটক ইত্যাদি ।

---